

## মের প্রথম সপ্তাহে হতে পারে ৪০তম বিসিএস প্রিলিমিনারি



৪০তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা আগামী মে মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হতে পারে।

এ ব্যাপারে প্রস্তুতি শুরু করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। পরীক্ষা আয়োজনে ইতিমধ্যে পিএসসির পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) আই ম নেছার উদ্দিন স্বাক্ষরিত বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের চিঠি পাঠানো হয়েছে। ৩ মে সারা দেশে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে বলে পিএসসি সুন্দের জানা গেছে।

শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠানো চিঠিতে বলা হয়েছে, সম্ভাব্য আগামী ৩ মে (শুক্রবার) সকাল ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত ৪০তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা আয়োজন করা হতে পারে। সেই লক্ষ্যে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগের সব পরীক্ষা কেন্দ্রে এ পরীক্ষা একযোগে শুরু করা হবে। পরীক্ষাটি বহুনির্বাচনী (এমসিকিটি) পদ্ধতিতে নেয়া হবে। ২০০ নম্বরের পরীক্ষা ২ ঘণ্টাব্যাপ্তি চলবে।

গত ১১ সেপ্টেম্বর ৪০তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করে পিএসসি আবেদন গ্রহণ শুরু হয়। ৩০ সেপ্টেম্বর থেকে নির্ধারিত সময়ের মধ্যে রেকর্ডসংখ্যক প্রার্থীর আবেদন জমা হয়। এতে প্রায় সাড়ে ৪ লাখ প্রার্থী আবেদন করেন। পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক বলেন, ‘৪০তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা আয়োজনে আমরা শিক্ষাপ্রতিষ্ঠানদের কাছে চিঠি পাঠিয়েছি। সেখানে ৩ মে সম্ভাব্য একটি সময় উল্লেখ করা হয়েছে।

যদি চাহিদা অনুযায়ী আসন খালি পাওয়া যায়, তবে আগামী ৩ মে ৪০তম বিসিএস পরীক্ষা আয়োজন করা হবে। আসন খালি পাওয়া সাপেক্ষে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলেও জানান পিএসসি চেয়ারম্যান।

তিনি আরও বলেন, এপ্রিলে ৩৮তম বিসিএস পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশ করা হবে। বর্তমানে দ্বিতীয় ধাপে পরীক্ষার খাতা মূল্যায়নের কাজ চলছে। উল্লেখিত সময়ের মধ্যেই ফল প্রকাশ করা হবে।

এ পরীক্ষার মাধ্যমে এক হাজার ৯০৩ জন ক্যাডার নিয়োগ দেয়া হবে। তবে এই সংখ্যা আরও বাঢ়তে পারে। ক্যাডার অনুসারে প্রশাসনে ২০০, পুলিশে ৭২, পররাষ্ট্রে ২৫, করে ২৪, শুল্ক আবগারিতে ৩২ ও শিক্ষা ক্যাডারে প্রায় ৮০০ জন নিয়োগ দেয়ার কথা রয়েছে।